দৈনিক বাংলা

03

তারিখ 30 MAR 1986
পৃষ্ঠা 1 কলাম ৪

৭ জন আহত

# জগন্নাথ কলেজের হোস্টেলে হামলা

(স্টাফ রিপোর্টার)

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের এরশাদ হোস্টেলে গতকাল বেলা পৌনে এগারোটার দিকে একদল সশস্ত্র ব্যক্তির আক্রমণে ৭ জন আহত হয়েছে। তাদের ৬ জনই ছাত্র। একজনের পরিচয় জানা যায়নি। মহানগরীর বিভিন্ন হাসপাতালে তাদের ভর্তি করা হয়েছে।

## হোস্টেলে হামলা

(১ম পৃঃ পর)

দায়ে ৭ জনকে পুলিশ গ্রেফতার করেছে। এর মধ্যে দুজন ছাত্র।

ডিএমপি সূত্রে জানা গেছে, একটি ছাত্র সংগঠনের কিছু সশস্ত্র লোক নিজেদের প্রভাব বিস্তারের জন্যে গতকাল জনসন রোডের এরশাদ হোস্টেলে হামলা চালায়। সংখ্যায় তারা ছিল প্রায় ৪০/৪৫ জন। প্রথমে তারা হোস্টেলের লোহার গেট ভেঙ্গে ভেতরে ঢুকতে চেষ্টা করে। কিন্তু তাতে ব্যর্থ হয়ে তারা শটগান দিয়ে গুলি ছোঁড়ে ও একটি মলোটিভ ককটেল হোস্টেলে নিক্ষেপ করে।

এই হামলায় দেলোয়ার হোসেন, ইফতেখারুল আলম, শহীদুল ইসলাম, বোরহানউদ্দিন, শামীম ও সমীর নামে ৬ জন ছাত্র আহত হয়।

আমাদের মেডিক্যাল রিপোর্টার জানিয়েছেন যে জগন্নাথ কলেজের ঘটনায় আহত জনৈক মিজানুর রহমানকেও গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তার বাঁ-পায়ে গুলি লেগেছিল। মিজানুর রহমান ছাত্র কিনা জানা যায়নি।

### বিভিন্ন সংগঠনের বিবৃতি

বিভিন্ন সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে সংগঠিত ঘটনার নিন্দা করে দায়ী ব্যক্তিদের শাস্তির দাবী জানিয়েছে।

কলেজ শাখার ১২টি ছাত্র সংগঠন সমন্বয়ে গঠিত সর্বদলীয় ছাত্র ঐক্য পরিষদ এক বিবৃতিতে অভিযোগ করেছে, গতকাল যখন ঐক্য পরিষদের একটি মিছিলের প্রস্তুতি চলছিল ঠিক সেই মুহূর্তে জাতীয় ছাত্রসমাজের সশস্ত্র ব্যক্তিরা হামলা চালায়। এতে সাতজন ছাত্র আহত হয়। এরপর উক্ত সংগঠনের বিবদমান দুই গ্রুপ সংঘর্ষে লিপ্ত হয়। বিবৃতিতে আরও অভিযোগ করা হয় যে বোমা বিস্ফোরণ ও গুলির ফলে এলাকায় সন্ত্রাসের সৃষ্টি হয়।

ছাত্র ঐক্য পরিষদ সন্ত্রাস সৃষ্টিকারীদের শিক্ষাঙ্গন থেকে বহিষ্কার এবং কলেজ ছাত্র সংসদ নির্বাচনের তারিখ পরিবর্তনের দাবী জানিয়েছে।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি শামছুজ্জামান দুদু ঘটনার তীব্র নিন্দা করে সকল বিরোধী ছাত্র সংগঠনকে ঐক্যবদ্ধ হয়ে অস্ত্রধারীদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহবান জানিয়েছেন।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ঢাকা নগর শাখা এবং জাতীয় ছাত্রদল জগন্নাথ কলেজের ঘটনার জন্যে জাতীয় ছাত্রসমাজ নামধারীদের দায়ী করেছে।

এদিকে জাতীয় ছাত্রসমাজ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ শাখা এক বিবৃতিতে বলেছে, গতকাল কিছু সংখ্যক সশস্ত্র ব্যক্তি নবনির্মিত এইচ এম এরশাদ হলে আক্রমণ চালায়। হামলাকারীরা বোমা, পিস্তল, স্টেনগান ব্যবহার করে। এ ঘটনার প্রতিবাদে সংগঠনের উদ্যোগে কলেজে একটি সমাবেশ অনুষ্ঠিত হয় বলে বিবৃতিতে জানানো হয়। সমাবেশে বক্তাগণ ১০ই এপ্রিল অনুষ্ঠিতব্য নির্বাচনকে বানচাল করার জন্যে এ হামলা চালানো হয়েছে বলে উল্লেখ করেন।